

ই-ডেক্স ব্যবস্থা চালু করলো বাংলাদেশ ব্যাংক

- A Monitor Desk Report

Date: 10 December, 2025



ঢাকাঃ ই-ডেক্স ব্যবস্থার উদ্বোধনের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক একটি নতুন যুগে প্রবেশ করছে।

এখন থেকে গতানুগতিক নোটিং সিস্টেমের বাইরে অনলাইন ভিত্তিক নোটিং সিস্টেম চালু হবে। শুধুতে শুধুমাত্র প্রধান কার্যালয়ে এই সিস্টেমটি চালু করা হচ্ছে। নতুন বছরের ১ জানুয়ারি থেকে সব পর্যায়ে নিষ্পত্তিযোগ্য নোটিং ই-ডেক্সের মাধ্যমে নিষ্পত্তি করা হবে।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) ই-ডেক্স সিস্টেমের উদ্বোধন করেছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর।

উদ্বোধনী অনুষ্ঠানে সব ডেপুটি গভর্নর, নির্বাহী পরিচালক এবং পরিচালকগণ উপস্থিত ছিলেন।

কেন্দ্রীয় ব্যাংকের মুখ্যপ্রত্ন ও নির্বাহী পরিচালক আরিফ হোসেন খান জানান, বাংলাদেশ ব্যাংকের মানব সম্পদ উন্নয়ন বিভাগ-১ (এইচআরডি-১) এবং আইসিটি ডিপার্টমেন্টের কর্মকর্তারা যৌথভাবে সিস্টেমটি ডেভেলপ করেছেন।

গভর্নর উদ্বোধনী বক্তব্যে সিস্টেমটি বাস্তবায়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন।

জানা গেছে, আগামী ১০ ডিসেম্বর থেকে বিভাগীয় পর্যায়ে পরিচালক পর্যায় পর্যন্ত নিষ্পত্তিযোগ্য সব নোটিং ই-ডেক্সের মাধ্যমে নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

-B